

প্রেস রিলিজ


২৬ ফেব্রুয়ারি ২০২৪

বাউবিতে পূর্ণকালীন রিসার্চ প্রফেসরশীপ এবং অ্যাজাক্ট ফ্যাকাল্টি প্রোগ্রাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিশন ‘সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা’ -কে সামনে রেখে নতুন প্রযুক্তির উদ্ভাবন, প্রায়োগিক ও মৌলিক গবেষণা করার লক্ষ্যে বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার কর্তৃক প্রস্তাবিত পূর্ণকালীন রিসার্চ প্রফেসর, পূর্ণকালীন সহযোগী রিসার্চ প্রফেসর ও অ্যাজাক্ট ফ্যাকাল্টি (Adjunct Faculty) নিয়োগের প্রস্তাব ১৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠিত বাউবির বোর্ড অব গভর্নরস্ এর ১৯৩তম সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ ধরনের ইনোভেটিভ, যুগোপযোগী ও যুগান্তকারী প্রস্তাব দেয়ার জন্য মাননীয় উপাচার্যকে এ সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। তাছাড়া, এ প্রস্তাব বাস্তবায়িত হলে মৌলিক গবেষণার ক্ষেত্র ও পরিবেশ তৈরী এবং শিক্ষার মানোন্নয়ন হবে যা বাউবিতে একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত স্থাপন হবে বলে সভায় সকলে একমত পোষণ করেন।

এই প্রোগ্রামের আওতায় দেশ-বিদেশের গবেষকগণ দেশী ও বিদেশী সংস্থা হতে গবেষণা তহবিল সংগ্রহ করে বাউবিতে গবেষণা করতে পারবেন এবং তাদেরকে বাউবির পক্ষ থেকে যাবতীয় সহযোগিতা দেয়া হবে। বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, শিল্প প্রতিষ্ঠান ও আন্তর্জাতিক সংস্থার অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্পের প্রধান ও গবেষণার কাজে নিয়োগকৃত অন্যান্য গবেষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতনাদি গবেষণা প্রকল্পের তহবিল থেকে নির্বাহ হবে। পূর্ণকালীন গবেষকের অধীনে এমফিল, পিএইচডি ডিগ্রি প্রোগ্রামও পরিচালিত হবে। বিশ্ববিদ্যালয়ে নতুন নতুন গবেষণাগার ও গবেষণার ক্ষেত্র সৃষ্টি হবে, বিদেশী শিক্ষার্থী ও গবেষকরা বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন ও গবেষণার জন্য আগ্রহ প্রকাশ করবে। সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতার সেতুবন্ধন তৈরি হবে যা স্মার্ট শিক্ষা ব্যবস্থা অর্জনে কার্যকর ভূমিকা রাখবে। পূর্ণকালীন গবেষণা কার্যক্রম অব্যাহত থাকলে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিকমানে পৌঁছাতে সক্ষম হবে এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন দ্রুত হবে। সার্বিকভাবে এসডিজি ২০৩০ এবং রূপকল্প ২০৪১ অর্জনে এ ক্ষীম সহায়তা করবে। দেশব্যাপী বিস্তৃত বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের নেটওয়ার্কিংয়ের মাধ্যমে অন্যান্য বিশ্ববিদ্যালয়েরও বাউবিতে ব্যাপক গবেষণা কার্যক্রমের সুযোগ রয়েছে। গবেষণার ফলাফল দেশি ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হবে। উল্লেখ্য, বাউবিতে বর্ণিত রিসার্চ প্রফেসরশীপ ও অ্যাজাক্ট ফ্যাকাল্টি -এর কার্যক্রম দ্রুত বাস্তবায়িত হবে।

এই প্রোগ্রামের আলোকে দেশি-বিদেশী বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের গবেষকগণকে দেশের মানুষের কল্যাণের জন্য নব উদ্ভাবনে অনুপ্রানিত হয়ে গবেষণা প্রকল্প বাস্তবায়নের আহবান জানান বাউবির মাননীয় উপাচার্য।



ড. আ ফ ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)